SME NEWS

# এসএমই নিউজ

এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

SME FOUNDATION

বর্ষ ১৫ । সংখ্যা ৪৯ | জানুয়ারি-মার্চ ২০২৫

## ‘এসএমই নীতিমালা ২০২৫: সম্ভাবনা ও চ্যালেঞ্জ: গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক কর্মশালা



২২ জানুয়রি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং অর্থনৈতিক প্রতিবেদকদের সংগঠন ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ)-এর সহযোগিতায় ‘এসএমই নীতিমালা ২০২৫: সম্ভাবনা ও চ্যালেঞ্জ: গণমাধ্যমের ভূমিকা’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। ইআরএফ সভাপতি দৌলত আকতার মালার সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সভাপতি তাসকিন আহমেদ। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। কর্মশালা সঞ্চালনা করেন ইআরএফ সাধারণ সম্পাদক আবুল কাশেম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান বলেন, বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের অর্থনীতিরও প্রাণশক্তি কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাত। এমন পরিস্থিতিতে দেশের অর্থনীতিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের অবদান বাড়ানোর লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের সহায়তায় এসএমই নীতিমালা ২০২৫ তৈরির উদ্যোগ নিয়েছে শিল্প মন্ত্রণালয়। আমাদের আশা, ২০৩০ সালের মধ্যে জিডিপিতে এসএমই খাতের অবদান ৩৫ শতাংশে উন্নীত করতে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তবে এই নীতিমালা শতভাগ বাস্তবায়নে এসএমই ফাউন্ডেশনসহ বাস্তবায়ন সহযোগী মন্ত্রণালয় ও দপ্তরের অনুকূলে নিয়মিত অর্থ বরাদ্দ প্রয়োজন। পাশাপাশি জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ-এনএসডিসি, এসএমই টাস্কফোর্সসহ সংশ্লিষ্ট কমিটির নিয়মিত সভা এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় যথাযথ নজরদারি করবে বলে আমাদের বিশ্বাস।

## ‘এসএমই উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ ছাড়ে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ঋণমান নির্ধারণ’ শীর্ষক কর্মশালা



বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের বিশেষতঃ নারী-উদ্যোক্তাদের জন্য জামানতবিহীন ঋণ ছাড়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ঋণমান নির্ধারণ পদ্ধতি। ২৬ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশন ও এশিয়া ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আয়োজিত কর্মশালায় বিশেষজ্ঞরা একথা বলেন। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর। স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক নাজিম হাসান সাত্তার এবং এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রেপ্রেজেন্টেটিভ কাজী ফয়সাল বিন সিরাজ। প্যানেল আলোচক ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, ব্র্যাক ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আব্দুল মোমেন, বাংলাদেশ ব্যাংকের পরিচালক নওশাদ মোস্তফা, ভিসা’র সিনিয়র প্রোডাক্ট ম্যানেজার Dhaval Chheda এবং কিফিয়া ফাইনান্সিয়াল টেকনোলজি’র Munir Duri। কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান জানান, প্রতিষ্ঠার পর থেকে এসএমই ফাউন্ডেশন দেশের প্রায় ১০ হাজার ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার মাঝে সহজ শর্তে ও স্বল্প সুদের প্রায় ১ হাজার কোটি টাকা ঋণ বিতরণ করেছে, ঋণপ্রাপ্ত উদ্যোক্তার প্রায় ২৫% নারী। এই কর্মসূচির আওতায় চলতি অর্থবছরেও ৪৫০ কোটি টাকার বিভলভিং তহবিল থেকে ২৩টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে এসএমই উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ চলমান রয়েছে। কর্মশালায় জানানো হয়, ঋণ প্রদানের ক্ষেত্রে সাধারণতঃ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো জামানত, গ্যারান্টি ও আর্থিক রেকর্ডের ওপর নির্ভর করে থাকে। এসব শর্ত পূরণ করতে না পারায় ঋণ পেতে নানা সমস্যার মুখোমুখি হন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা বিশেষতঃ নারী-উদ্যোক্তারা। এসব সমস্যা বিবেচনায় নিয়ে ঋণ গ্রহীতার ব্যবসা, লেনদেন ও গ্রাহকের ধরনের ওপর কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক ক্রেডিট স্কোরিং পদ্ধতি নিয়ে কাজ শুরু করেছে কিফিয়া টেকনোলজি। এরই মধ্যে এই পদ্ধতি ইথিওপিয়াসহ আফ্রিকার বেশ কয়েকটি দেশে বাস্তবায়নও শুরু হয়েছে। কর্মশালায় এই পদ্ধতি বাংলাদেশে চালু করা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে অংশদারিত্ব, পদ্ধতিগত ও আইনগত ও নীতিগত সহায়তার সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়।

## ‘কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ পণ্য রপ্তানিতে এসএমই বান্ধব নীতি-কৌশল পর্যালোচনা’ শীর্ষক পরামর্শ সভা




২৬ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ পণ্য রপ্তানিতে এসএমই বান্ধব নীতি-কৌশল পর্যালোচনা’ শীর্ষক পরামর্শ সভা আয়োজন। এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব আনোয়ার হোসেন চৌধুরী’র সভাপতিত্বে আয়োজিত পরামর্শ সভায় প্রধান অতিথি ছিলেন চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। সংশ্লিষ্ট খাতের রপ্তানি সম্পর্কিত বিদ্যমান বিভিন্ন নীতি পর্যালোচনার পাশাপাশি রপ্তানিতে এ খাতের সমস্যা ও সম্ভাবনা নিয়ে উপস্থাপনা করেন সফল উদ্যোক্তা মো. ইকতাদুল হক, সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাগ্রো প্রসেসর্স অ্যাসোসিয়েশন। বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট-এর গবেষণা ব্যবস্থাপক হারুনুর রশিদ, রপ্তানি উন্নয়ন ব্যুরো’র পরিচালক মো. শাহজালাল এবং বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক সাগুফ্তা ইকবাল সম্ভাব্য নীতি সহায়তা’র বিষয়ে উদ্যোক্তাদের অবহিত করেন। এছাড়া রপ্তানি সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংক এর বিভিন্ন বিধি-বিধান, কৃষি খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প উন্নয়ন নীতিমালা ২০২২ এবং রপ্তানি নীতি (২০২৪-২৭) পর্যালোচনাপূর্বক এই খাতের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে সম্ভাব্য নীতি-কৌশল, এনবিআর এর ট্যাক্স, ভ্যাট এবং ট্যারিফ সংক্রান্ত এসআরও, এইচ. এস. কোড ও Tariff & Non-tariff barriers (Technical Barriers Agreement, Sanitary & Phyto-sanitary Agreement) ও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন। পরামর্শ সভায় কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ পণ্য রপ্তানি খাতের ৩৫জন এসএমই উদ্যোক্তা উপস্থিত ছিলেন।

## ILO-এর উদ্যোগে বিজনেস ডেভেলপমেন্ট সার্ভিস পোর্টাল তৈরির উদ্যোগ




এসএমই ফাউন্ডেশন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর উদ্যোগে ক্ষুদ্র ও মাঝারি খাতের শিল্প উদ্যোক্তাদের সহায়তার লক্ষ্যে একটি বিজনেস ডেভেলপমেন্ট সার্ভিস (BDS) পোর্টাল তৈরির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিজনেস ডেভেলপমেন্ট সার্ভিস (BDS) পোর্টালের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা ব্যবসা সংক্রান্ত যাবতীয় তথ্য যেমন: পণ্যের বাজারজাতকরণ, অর্থায়ন, ব্যবসায়ের আইন ও বিধি-বিধান, ব্যবসা নিবন্ধন প্রক্রিয়াসহ গুরুত্বপূর্ণ সব তথ্য প্রদান করা হবে। উক্ত পোর্টাল থেকে প্রদানকৃত সেবার বিষয়ে চাহিদা নিরুপণ এ লক্ষ্যে ২৩ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, আইএলও'র এন্টারপ্রাইজ এক্সপার্ট নবীন কর্না, ন্যাশনাল প্রোগ্রাম অফিসার Alexius Chicham ও মহিবুর রহমান এবং ন্যাশনাল প্রোজেক্ট অফিসার রুমান ইশতিয়াক রাফিন।

## জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত এসএমই উদ্যোক্তাদের জন্য অর্থায়ন



১৩ ফেব্রুয়ারি ২০২৫ ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি)-এর উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় এসএমই উদ্যোক্তাদের জন্য সহজ অর্থায়ন ত্বরান্বিতকরণে দেশে একটি ব্লেন্ডেড ফাইন্যান্স ফ্যাসিলিটি চালুর লক্ষ্যে ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ, মাইক্রো-ফাইন্যান্স প্রতিষ্ঠান এবং লাইফ ও নন-লাইফ ইন্সুরেন্স-এর প্রতিনিধিবৃন্দ সভায় অংশগ্রহণ করেন। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার। ইউএনডিপি'র আন্তর্জাতিক পরামর্শক রাগিনী বাজাজ চৌধুরী, আন্তর্জাতিক পরামর্শক মমতা কোহলি, স্থানীয় কার্যালয়ের প্রতিনিধিবৃন্দ এবং ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন।



১০ ফেব্রুয়ারি ২০২৫ জলবায়ু পরিবর্তনে ঝুঁকিপূর্ণ অঞ্চল হিসেবে বিবেচিত চাঁপাইনবাবগঞ্জ জেলার নকশিকাঁথা ক্লাস্টারের উদ্যোক্তা সরেজমিন পরিদর্শন করেন ইউএনডিপি-এর আন্তর্জাতিক পরামর্শক রাগিনী বাজাজ চৌধুরী, আন্তর্জাতিক পরামর্শক মমতা কোহলি, ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এবং ইউএনডিপি স্থানীয় কার্যালয়ের প্রতিনিধিবৃন্দ। পরিদর্শনের মাধ্যমে উক্ত ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্যে ব্লেন্ডেড ফাইন্যান্স মডেলের উপযোগিতা ও পাইলট আকারে মডেলটি চালু করার পূর্বে এর যথার্থতা যাচাই করা হয়। সরেজমিন পরিদর্শনের পাশাপাশি চাঁপাইনবাবগঞ্জে সক্রিয় বিভিন্ন মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দের সাথে আলোচনা সভা আয়োজন করা হয়।

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় রিভলভিং ফান্ড থেকে ৩য় দফায় ঋণ বিতরণের অগ্রগতি এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৯ জানুয়ারি ২০২৫ ফাউন্ডেশনের কনফারেন্স রুমে চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের এসএমই প্রধানদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ার হোসেন চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন এবং ঋণ বিতরণ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন সুমন চন্দ্র সাহা, উপমহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উক্ত তহবিল বাস্তবায়নে তাঁদের অভিজ্ঞতা ও ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা অর্জনে পরবর্তী করণীয় বিষয়ে তাঁদের সুচিন্তিত মতামত প্রদান করেন। উন্মুক্ত আলোচনার প্রেক্ষিতে ফাউন্ডেশনের চেয়ারপার্সন আগত সময়ে এসএমই অর্থায়ন অধিক ফলপ্রসূ করার তাগিদ দেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

## ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকের সাথে 'FAUREE'র প্রতিনিধি দলের মতবিনিময়



০৩ মার্চ ২০২৫ এসএমইদের আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফিনটেক প্রতিষ্ঠান 'FAUREE'র একটি প্রতিনিধি দল ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তারের সাথে মতবিনিময় করেন। সাপ্লাই চেইন সমাধান, ডিজিটাল পেমেন্ট, ওয়ার্কিং ক্যাপিটাল অপ্টিমাইজেশান, এসএমই উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তিকরণে ফাউন্ডেশনের সাথে কৌশলগত দ্বিপাক্ষিক সহযোগিতা বিষয়ে আলোচনা করেন। প্রতিষ্ঠানটি বাংলাদেশের এসএমইদের জন্যে একটি সাপ্লাই চেইন প্ল্যাটফর্ম চালু করার পরিকল্পনা করেছে যার মাধ্যমে উদ্যোক্তা, সাপ্লায়ার, ফাইন্যান্সার ও ক্রেডিট গ্যারান্টর একই ছাতার নিচে আসবে। সভায় 'FAUREE'র পরিচালক সিব আলী, প্রধান নির্বাহী কর্মকর্তা আজহার তাসাদ্দুক এবং প্রতিষ্ঠানটির আইন উপদেষ্টা টবি ক্যাডম্যান উপস্থিত ছিলেন।

## অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং আইএফসি



আইএফসি কারিগরি সহায়তায় বাংলাদেশ সরকার ১৩ নভেম্বর ২০২৪ ঋণ প্রদান ও গ্রহণের সুযোগ সৃষ্টি এবং ঋণদাতা ও ঋণগ্রহীতার লেনদেনে সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে 'সুরক্ষিত লেনদেন (অস্থাবর সম্পত্তি) আইন ২০২৩' প্রণয়ন করে। অস্থাবর সম্পত্তি জামানত রেখে এসএমই উদ্যোক্তাদের অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি)। এ লক্ষ্যে ০৭ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সাথে মতবিনিময় করেন আইএফসি'র এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের প্রিন্সিপাল অপারেশন অফিসার জিনচাং লাই ও মিজ অনন্যা ওয়াহিদ কাদের, ক্রস রিজিওনাল হেড, এশিয়া অ্যান্ড প্যাসিফিক এফআইজি অ্যাডভাইজরি। সভায় এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ও উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন।

## নারী-উদ্যোক্তা উন্নয়নে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন, দি এশিয়া ফাউন্ডেশন এবং ভিসা



বাংলাদেশে নারী-উদ্যোক্তা উন্নয়নে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন, দি এশিয়া ফাউন্ডেশন এবং ভিসা। এ লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২৩ জানুয়ারি ২০২৫ চুক্তি হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান ও মো. মোস্তাফিজুর রহমান, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মঈন এবং ভিসা'র পরিচালক মো. নাসিমুল ইসলাম।

## 'Students Heed to Entrepreneurship (SHE)' শীর্ষক কর্মশালা



০৮ জানুয়ারি ২০২৫ রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নতুন নারী-উদ্যোক্তা তৈরির লক্ষ্যে 'Students Heed to Entrepreneurship (SHE)' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থী, শিক্ষক, মেন্টর, অতিথিসহ ২০০জন অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য প্রদান করেন স্বীয় ক্ষেত্রে সফল তিনজন নারী-উদ্যোক্তা নিলুফার ইয়াসমিন নীলা, স্বত্বাধিকারী এস এন ফ্যাশন, নিশাত মাসফিকা, ব্যবস্থাপনা পরিচালক, রেইনড্রপস টেক এবং ফাউন্ডার দেশজ ক্রাফটস এবং হানিয়াম মারিয়া চৌধুরী, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা, তাহুর। কর্মশালায় Nasa International Space Apps Challenge 2023 world Champion টিম অংশগ্রহণকারীদের সাথে তাদের উদ্যোগ এবং world Champion হওয়ার পথ পরিক্রমা আলোচনা করে অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করেন। রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ প্রকৌশলী মো. খোরশেদ আলমের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

## নারী-উদ্যোক্তাদের জন্য 'গহনা তৈরি' শীর্ষক কর্মশালা



০৪-০৬ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোর জেলায় নারী-উদ্যোক্তাদের জন্য 'গহনা তৈরি' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাগণ গহনা তৈরির বিভিন্ন কলাকৌশল, ডিজাইন ও কালার সেন্স ডেভেলপমেন্ট, দেশীয় কাঁচামালের ব্যবহারে আধুনিক জুয়েলারি, ফ্যাশন গার্মেন্টস -এর উদ্দিষ্ট অংশকে ব্যবহার করে নান্দনিক ডিজাইনের গহনা (আপ সাইকেলিং গহনা) তৈরির বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়। কর্মশালার ৩য় দিন ব্যাংক এশিয়ার যশোর শাখা ম্যানেজার মৃত্যুঞ্জয় অধিকারী নারী-উদ্যোক্তাদের বুক কিপিং-এর প্রয়োজনীয়তা ও পদ্ধতি, ঋণ প্রাপ্তির জন্য আর্থিক সাক্ষরতা, ডকুমেন্টেশনের গুরুত্ব বিষয়ে ধারণা প্রদান করেন। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান উদ্যোক্তাদের মাঝে সার্টিফিকেট প্রদান করেন।

## 'Scale Up Your Business for Women Entrepreneurs' শীর্ষক প্রশিক্ষণ




২৮-৩০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশন, দি এশিয়া ফাউন্ডেশন এবং ভিসা'র উদ্যোগে ঢাকায় নারী-উদ্যোক্তাদের জন্য 'Scale Up Your Business for Women Entrepreneurs' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে লেদার, ফ্যাশন ডিজাইন, হ্যান্ডিক্রাফট, আইটি খাতের ৩২জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে Modern management for small business, Marketing technic to grow, promote your business digitally, Readiness for access to finance, Designing tool- Canva বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। ৩০ জানুয়ারী ২০২৫ সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। উপস্থিত ছিলেন ভিসার কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ, নেপাল, ভুটান) সাব্বির আহমেদ ও পরিচালক মো. নাসিমুল ইসলাম, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান ও সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মইন হোসেন এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার রত্না মারিয়া রোজারিও।

## এসএমই ফাউন্ডেশন এবং ITC SheTrades-এর সহায়তায় নারী-উদ্যোক্তাদের যুক্তরাজ্য গমন



বাংলাদেশী নারী-উদ্যোক্তাদের একটি দল ১১ ফেব্রুয়ারি যুক্তরাজ্য সরকারের SheTrades প্রোগ্রামের সহায়তায় একটি বাণিজ্য মিশনে অংশগ্রহণ করতে যুক্তরাজ্যের ম্যানচেস্টারে গমন করে। ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার এশিয়ার চারটি দেশ থেকে ৫০জন নারী-নেতৃত্বাধীন ব্যবসা প্রতিষ্ঠানকে আমন্ত্রণ জানায়। এই মিশনে ফ্যাশন থেকে প্রযুক্তি খাতসমূহে তাঁরা তাঁদের ব্যবসা প্রদর্শন করে। এখানে উদ্যোক্তাগণ বিনিয়োগকারীদের সাথে আলোচনা এবং নতুন নতুন সুযোগ অন্বেষণ করেন। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক উদ্যোক্তাদের যুক্তরাজ্যে যাত্রার আগে অভিনন্দন জানাতে ০৩ ফেব্রুয়ারি ২০২৫ তাঁর বাসভবনে এক বিদায় সংবর্ধনার আয়োজন করেন। ব্রিটিশ হাইকমিশনারের আমন্ত্রণে সংবর্ধনা অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান উপস্থিত ছিলেন।

## নকশিকাঁথা ও সূচিশিল্প পণ্যের ডিজাইন উন্নয়ন ও বাজার সংযোগ কর্মসূচি



এসএমই ফাউন্ডেশনের বিশেষ কর্মসূচির আওতায় নকশিকাঁথার ডিজাইন ডেভেলপমেন্ট, যুৎসই রং ও সুতার ব্যবহার, পোষাকের প্যাটার্ন ডেভেলপমেন্ট ও কাটিং, নকশিকাঁথার আপ-সাইকেল এবং বাজার সংযোগের লক্ষ্যে ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করা হবে। এর অংশ হিসেবে ০২ জানুয়ারি ২০২৫ জামালপুরের ঐতিহ্যবাহী নকশিকাঁথা ও অন্যান্য সূচিশিল্প পণ্যের উন্নয়ন এবং বাজার সংযোগের লক্ষ্যে চাহিদা নিরুপণ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন শান্তা মারিয়াম বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক নুসরাত জাহান নিপা এবং নকশিকাঁথা ডিজাইন ডেভেলপমেন্ট এক্সপার্ট সাবা নওরিন পলি। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন।

## এসএমই বান্ধব ট্যাক্স, ভ্যাট, ট্যারিফ ও আর্থিক প্রণোদনা সংশ্লিষ্ট প্রস্তাবনা প্রস্তুতকরণের লক্ষ্যে পরামর্শ সভা



এসএমই খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে এসএমই-বান্ধব কর-কাঠামো নির্ধারণ, ট্যারিফ ও মূল্য সংযোজন কর যৌক্তিকীকরণ, কর অবকাশ, আর্থিক প্রণোদনা, আইনি ও প্রশাসনিক প্রতিবন্ধকতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা জাতীয় রাজস্ব বোর্ড/সরকারের কাছে প্রতিবছর উপস্থাপন করে থাকে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই খাতের উন্নয়নে ২০২৫-২৬ অর্থবছরের জাতীয় বাজেটে এসএমই বান্ধব ট্যাক্স, ভ্যাট, ট্যারিফ ও আর্থিক প্রণোদনা সংশ্লিষ্ট প্রস্তাবনা প্রস্তুতকরণের লক্ষ্যে পরামর্শ সভা আয়োজন করা হয়। ২৭ জানুয়ারি ২০২৫, ২৯ জানুয়ারি ২০২৫, ২০ ফেব্রুয়ারি ২০২৫ এবং ৬ মার্চ ২০২৫ এবং ১৬ মার্চ ২০২৫-এ ৫টি পরামর্শ সভা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত পরামর্শ সভাগুলোতে এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া উদ্যোক্তা প্রতিনিধিগণ এসময় ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান এবং ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সাথে মতবিনিময় করেন।

## ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রস্তাবনা যৌক্তিকীকরণ সভা



২৩ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমই-বান্ধব ট্যাক্স, ভ্যাট, ট্যারিফ ও আর্থিক প্রণোদনা সংশ্লিষ্ট প্রস্তাবনা যৌক্তিকীকরণ সভায় প্রধান অতিথি ছিলেন এসমএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে সভায় বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন, ক্লাস্টার, সমিতি এবং প্রতিষ্ঠানের প্রায় ৩০জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। ইতঃপূর্বে সংশ্লিষ্ট চেম্বার, অ্যাসোসিয়েশন, ক্লাস্টার এবং উদ্যোক্তা প্রতিনিধিবৃন্দের সাথে আয়োজিত ৫টি পরামর্শ সভা থেকে প্রাপ্ত প্রস্তাবনা নিয়ে ২০ মার্চ ২০২৫ গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি শাখার কর্মকর্তাদের সাথে প্রাথমিক যৌক্তিকীকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় ফাউন্ডেশনের সংশ্লিষ্ট শাখার উপমহাব্যবস্থাপক মৌসুমী রায়, উপব্যবস্থাপক মঈনুল ইসলাম ও মো. আলমগীর হোসাইন এবং পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধি মোস্তফা ইকবাল উপস্থিত ছিলেন।

## 'চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানিতে এসএমই বান্ধব নীতি-কৌশল পর্যালোচনা' শীর্ষক পরামর্শ সভা



১৩ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানিতে এসএমই বান্ধব নীতি-কৌশল পর্যালোচনা' শীর্ষক পরামর্শ সভা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে সভায় চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানি সম্পর্কিত বিদ্যমান নীতি পর্যালোচনার পাশাপাশি রপ্তানিতে এ খাতের সমস্যা ও সম্ভাবনা নিয়ে উপস্থাপনা করেন মিতা বোস, ব্যবস্থাপনা পরিচালক, গুজ লিমিটেড। রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB)'র পরিচালক মো. শাহজালাল এবং বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক সাগুফ্তা ইকবাল সম্ভাব্য নীতি সহায়তার বিষয়ে উদ্যোক্তাদের অবহিত করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন।

## এসএমই নীতিমালা ২০২৫-এর সুপারিশ তৈরিতে ফাউন্ডেশন এবং ILO যৌথভাবে কাজ করবে



এসএমই ফাউন্ডেশনের সহায়তায় শিল্প মন্ত্রণালয় জাতীয় এসএমই নীতিমালা ২০২৫ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এসএমই নীতিমালা ২০১৯-এর সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জসমূহ বিশ্লেষণ করে দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক, সময়োপযোগী এবং টেকসই এসএমই নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে সুপারিশ প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) যৌথভাবে কাজ করছে। এসএমই ফাউন্ডেশনের পক্ষে এসএমই নীতি বিষয়ে সহায়তাকরণের লক্ষ্যে ০২ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের সাথে ইনোভিশন কনসালটিং-এর চুক্তি স্বাক্ষরিত হয়। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী ও ইনোভিশন কনসাল্টিংয়ের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মো. রুবাইয়াত সারওয়ার চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক মৌসুমী রায়, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, ILO-এর নবীন কুমার কর্ণ ও অ্যালেক্সিয়াস চিচাম।

## এনএসডিএ এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর সাথে ফাউন্ডেশনের সমঝোতা স্মারক স্বাক্ষর



০২ জানুয়ারি ২০২৫ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উন্নয়নে কাজ করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের সাথে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ-এনএসডিএ এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-বিটিবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। এসএমই ফাউন্ডেশনের পক্ষে মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার এবং এনএসডিএ'র পক্ষে মো. জোহর আলী সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন, ব্যবসার উন্নয়ন, ভাষাগত দক্ষতা উন্নয়ন, সেমিনার-আলোচনা সভা আয়োজন, বাজার জরিপ পরিচালনা, এনএসডিএ অনুমোদিত প্রতিষ্ঠান থেকে দক্ষতা সনদ লাভ, প্রশিক্ষক, এসএমই উদ্যোক্তা ও ফাউন্ডেশনের কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করবে এসএমই ফাউন্ডেশন এবং এনএসডিএ। পরে এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং বিটিবি'র পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় দেশের পর্যটন খাতে নতুন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা তৈরি, বিদ্যমান উদ্যোক্তাদের উন্নয়ন, পর্যটন খাতের ব্যবসায়িক প্রবৃদ্ধি, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের পর্যটন শিল্পের প্রচার, ইকোট্যুরিজম এর প্রচার ও প্রসার, গৃহীত সফট ট্যুরিজম, বিভিন্ন পর্যটন স্পটে এসএমই উদ্যোক্তাদের তৈরি পণ্যের স্যুভেনির শপ স্থাপন, অভ্যন্তরীন ও আন্তর্জাতিক বাজারে এসএমই উদ্যোক্তাদের তৈরি পণ্যের বাজারজাতকরণ, এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ এবং অর্থায়ন সহায়তার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করার করা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান ও মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## এসএমই ফাউন্ডেশনের সাথে স্রেডা'র প্রতিনিধি দলের সভা

Green Climate Fund (GCF)-এর অর্থায়নে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (SREDA) ও ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (IDCOL) 'Strengthen regulatory & institutional framework at the national level to overcome the operational constraints related to implementing EE&C in the country' কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ০৫ ফেব্রুয়ারি ২০২৫ স্রেডা'র প্রতিনিধি দলের এসএমই ফাউন্ডেশনের সভা আয়োজন করা হয়। সভায় ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা জ্বালানি নির্ভর এসএমই উদ্যোক্তাদের দক্ষ প্রযুক্তির ব্যবহার ও জ্বালানি সাশ্রয়ে সীমাবদ্ধতাসমূহ কাটিয়ে উঠার পক্ষে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করেন। উল্লেখ্য, উক্ত কার্যক্রমে যুক্ত হয়ে পরবর্তীতে ফাউন্ডেশনের কাজ করার সম্ভাব্য ক্ষেত্রসমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়।

## ‘এসএমই’তে কাইজেন: উৎপাদনশীলতা উন্নয়ন’ শীর্ষক সচেতনতামূলক কর্মশালা




০৬ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘এসএমই’তে কাইজেন: উৎপাদনশীলতা উন্নয়ন’ শীর্ষক সচেতনতামূলক কর্মশালা আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর পরিচালক ড. মো. জালাল উদ্দিন, পিইঞ্জ। সভাপতিত্ব করেন বিটাক-এর পরিচালক মো. আবু সাঈদ খান এবং স্বাগত বক্তব্য প্রদান করেন মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। বাংলাদেশের এমএসএমই শিল্পের উৎপাদনশীলতা উন্নয়নে এসএমই ফাউন্ডেশন সচেতনতা সৃষ্টি, দক্ষতা উন্নয়ন, কাইজেন প্রয়োগসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ফাউন্ডেশন কর্তৃক ২০১৩-১৪ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত ৬৯টি এমএসএমইকে কারিগরি সহযোগিতা, ৪১০জন উদ্যোক্তা/ প্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান এবং ৩১টি কাইজেন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। এরই ধারাবাহিকতায় চলমান অর্থবছরে JICA এর কারিগরি সহযোগিতায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক ‘এসএমই-তে কাইজেন’ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

## ‘ফার্নিচার শিল্পের উন্নয়নে আধুনিক উৎপাদন প্রযুক্তি’ ডেমনস্ট্রেশন কর্মশালা



১৮-১৯ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘ফার্নিচার শিল্পের উন্নয়নে আধুনিক উৎপাদন প্রযুক্তি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। ডেমনস্ট্রেশন কর্মশালায় কাঠুরিয়া সিএনসি ডিজাইন হাউজ, সাতারকুল, বাড্ডা ও উড টেক সলিউশন, কোনাখোলা, কেরানীগঞ্জ পরিদর্শন করা হয়। কর্মশালায় ১ম দিন Computer Aided Design (CAD), Computer Aided Manufacturing (CAM), Computer Numeric Control (CNC), CNC Wood Router মেশিন পরিচিতি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলশুটিং সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয় এবং ২য় দিন বিভিন্ন উড ওয়ার্কিং মেশিন, যেমন- Band Saw, Belt Sander, Brush Sander, Circular Saw, Combination Machine, Mortiser Machine, Spindle Moulder, Surface Planer, Thickness Planer মেশিন পরিচিতি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ট্রাবলশুটিং সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়।

## ‘ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার ফর উইমেন’ আয়োজন



এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় এবং উইমেন এন্ট্রাপ্রেনিউরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব)-এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ০৬-০৮ মার্চ ২০২৫ রাজধানীর গুলশান শুটিং ক্লাবে ‘ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার ফর উইমেন’ আয়োজন করা হয়। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। মেলায় ৫০টি ষ্টলে নারী উদ্যোক্তাদের তৈরি বাহারি হস্তশিল্প, ঐতিহ্যবাহী পোশাক, নকশা করা কাপড়, নান্দনিক গয়না এবং অন্যান্য সৃজনশীল পণ্য প্রদর্শন করা হয়।

## ‘আধুনিক মিলিং মেশিন অপারেশন’ শীর্ষক প্রশিক্ষণ



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর সহযোগিতায় ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ ‘আধুনিক মিলিং মেশিন অপারেশন’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পে মিলিং মেশিন ব্যবহারের মাধ্যমে বিভিন্ন যন্ত্রাংশ প্রস্তুত, মেজারমেন্ট পদ্ধতি, সিএনসি প্রযুক্তির ব্যবহার, হিট-ট্রিটমেন্ট বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রদর্শন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, বিটাক-এর পরিচালক ড. মো. জালাল উদ্দিন, পিইঞ্জ, পরিচালক মো. জিয়াউল হক, অতিরিক্ত পরিচালক মো. জাহাঙ্গীর আলম।

## বগুড়ায় ‘এসএমই শিল্পোন্নয়ন: প্রেক্ষিত ৪র্থ শিল্প বিপ্লব’ ডেমনস্ট্রেশন কর্মশালা

০৬ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে A2I এবং সফটবিডি বাংলাদেশ-এর সহযোগিতায় বিভাগীয় এসএমই পণ্যমেলা, বগুড়ায় ‘এসএমই শিল্পোন্নয়ন: প্রেক্ষিত ৪র্থ শিল্প বিপ্লব’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিটাক, বগুড়া (কেন্দ্র প্রধান) অতিরিক্ত পরিচালক মো. সালাউদ্দিন। সভাপতিত্ব করেন মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বাইশিমাস), বগুড়া জেলা শাখা, ফোরাম অব অ্যাগ্রো প্রসেসিং ও মেশিনারি জোন, বগুড়া, বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি, বগুড়া জেলা শাখার উদ্যোক্তা ও প্রতিনিধিসহ হালকা প্রকৌশল, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, আইটি ও আইটিইএস, ফার্নিচার, কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রভৃতি শিল্প খাতের উদ্যোক্তা ও প্রতিনিধি, সেক্টর বিশেষজ্ঞ, গবেষক, ও অন্যান্য অংশীজন অংশগ্রহণ করেন।

## যশোর ও খুলনায় ‘কৃষি ও খাদ্যপণ্য সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালা



২৬-২৭ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোরে ‘কৃষি ও খাদ্যপণ্য সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের পণ্য উৎপাদনভিত্তিক আধুনিক প্রযুক্তি ও কলাকৌশল, নতুন পণ্য উৎপাদন পদ্ধতি, কারখানা ব্যবস্থাপনা, কারখানা লে-আউট, মেশিনারিজ, উৎপাদন প্রক্রিয়া বিষয়ে প্রাথমিক ধারণা ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। কর্মশালায় স্টিপিং পদ্ধতিতে দীর্ঘসময় শাক-সবজি সংরক্ষণ ও পরবর্তীতে ব্যবহারের কৌশল, মিশ্র সবজির আচার তৈরি ও সংরক্ষণ, টমেটোর পাল্প তৈরি ও সংরক্ষণ, টমেটো সস তৈরি, ভ্যাকুয়াম ফ্রাইং পদ্ধতিতে সবজির চিপ্স তৈরি এবং মোড়কজাতকরণ সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। ২২-২৩ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে খুলনায় ‘কৃষি ও খাদ্যপণ্য সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়।

## খুলনায় ‘ভ্যালু অ্যাডেড ডেইরি পণ্য প্রস্তুতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালা

২২-২৪ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে খুলনায় ‘ভ্যালু অ্যাডেড ডেইরি পণ্য প্রস্তুতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। ডেইরি সেক্টরে প্রযুক্তির ব্যবহারে পণ্য/সেবার মানোন্নয়ন, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং সর্বোপরি প্রতিযোগিতা সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ ও আধুনিক প্রক্রিয়া আত্তীকরণের অংশ হিসেবে খুলনার বটিয়াঘাটায় খুলনা ডেইরি ভেন্যুতে ‘ভ্যালু অ্যাডেড ডেইরি পণ্য প্রস্তুতকরণ পদ্ধতি’ ডেমনস্ট্রেশন কর্মশালায় দুগ্ধশিল্পে অপচয় রোধ ও ভ্যালু এডেড পণ্য উৎপাদনের অংশ হিসেবে দুধ হতে ঘি, পনির (মোজারেলা চিজ, কটেজ চিজ), দই, বোরহানী, মাঠা, কুলফী মালাই প্রস্তুতকরণ ও মোড়কজাতকরণ সম্পর্কে ডেইরি সেক্টরের উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## মনিপুরী ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



১১ জানুয়ারি ২০২৫ ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী শ্রীমঙ্গল মনিপুরী হস্তশিল্প পণ্য ক্লাস্টার পরিদর্শন করেন। এসময় তিনি ক্লাস্টার সদস্যদের সাথে মতবিনিময় সভা করেন। সভায় সদস্যরা তাঁদের বর্তমান অবস্থা ও চ্যালেঞ্জসমূহ উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত ক্লাস্টার বিষয়ে ফাউন্ডেশনের বহুমুখী পরিকল্পনা নিয়ে সদস্যদের সাথে বিশদ আলোচনা করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ক্লাস্টারে ফাউন্ডেশনের গৃহীত বিভিন্ন কর্মসূচি বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

## শ্রীমঙ্গলে 'Harmony Festival 2025' আয়োজন



১০-১২ জানুয়ারি ২০২৫ মৌলভীবাজারের শ্রীমঙ্গল ও তৎসংলগ্ন এলাকার বিভিন্ন নৃ-গোষ্ঠীর ঐতিহ্যবাহী খাবার, পণ্য ও বৈচিত্র্যময় সংস্কৃতি নিয়ে বর্ণিল 'Harmony Festival 2025' আয়োজন করা হয়। কাকিয়াছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, শ্রীমঙ্গলে Harmony Festival 2025'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এম সিরাজ উদ্দিন মিয়া, মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়। গেস্ট অব অনার ছিলেন নাসরীন জাহান, সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়, খান মো. রেজা-উন-নবী, বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, এম, কে, এইচ জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার, মৌলভীবাজার। স্বাগত বক্তব্য প্রদান করেন মো. ইসরাইল হোসেন জেলা প্রশাসক, মৌলভীবাজার। সভাপতিত্ব করেন আবু তাহের মুহাম্মদ জাবের, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। ট্যুরিজম বোর্ডের উদ্যোগে আয়োজিত এই মেলায় এমএমই ফাউন্ডেশন ইন অ্যাসোসিয়েশন পার্টনার হিসেবে ১০টি স্টলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উদ্যোক্তাদের অংশগ্রহণে সহায়তা করে।

## 'ইনকিউবেটিদের দক্ষতাবৃদ্ধিতে মেন্টরশিপ' শীর্ষক কর্মসূচি

২৭ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'ইনকিউবেটিদের দক্ষতাবৃদ্ধিতে মেন্টরশিপ' শীর্ষক কর্মসূচি আয়োজন করা হয়। মেন্টর ছিলেন শহীদ উদ্দিন আকবর, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ইনস্টিটিউট অব আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি)। অনুষ্ঠানে ওয়ান-টু-ওয়ান পরামর্শ সেশন, দলগত কর্মশালা এবং অগ্রগতি মূল্যায়ন কর্মশালার মাধ্যমে সরাসরি ব্যবসায়িক সমস্যা সমাধানে ইনকিউবিটিদের দিক-নির্দেশনা প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান।

## বেনারসি ক্লাস্টারে 'বেনারসি পণ্যের বৈচিত্র্যকর' শীর্ষক কর্মশালা



২০-২২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার মিরপুর বেনারসি ক্লাস্টারে 'বেনারসি পণ্যের বৈচিত্র্যকরণ' শীর্ষক কর্মশালার প্রথম ধাপ আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন পণ্যের ডিজাইন-ডেভেলপমেন্ট এবং প্রশিক্ষণে অভিজ্ঞ প্রশিক্ষক শাহানা জেফরিন। প্রশিক্ষণে ক্লাস্টারটিতে বেনারসির পর্দা, কুইল্ট, কুশন কভার, কটি, হেয়ার ব্যান্ড, টেবিল ল্যাম্প শেড ইত্যাদি কাজ শেখানো হয়। এছাড়া সেলাই ও ডিজাইনে অভিনবত্ব এবং বিক্রয়ের লক্ষ্যে যথাযথভাবে উপস্থাপন কৌশল শেখানো হয়। ২২ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে সার্টিফিকেট বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

## মৌলভীবাজারে আগর-আতর ক্লাস্টারে 'এক্সপোর্ট রেডিনেস' শীর্ষক কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে গত ২৬-২৮ জানুয়ারি ২০২৫ মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলায় আগর-আতর ক্লাস্টারে 'এক্সপোর্ট রেডিনেস' শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন রফিজুল হক। আগর-আতর শিল্পের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২৮ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং বাংলাদেশ আগর-আতর প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির সভাপতি আনসারুল হক।

## 'চামড়া শিল্প-বর্জ্যের পুনর্ব্যবহারের মাধ্যমে পণ্যের বৈচিত্র্যকরণ' শীর্ষক কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২১-২৩ জানুয়ারি ২০২৫ চট্টগ্রাম পূর্ব মাতারবাড়ী লেদার ক্লাস্টারে 'চামড়া শিল্প-বর্জ্যের পুনর্ব্যবহারের মাধ্যমে পণ্যের বৈচিত্র্যকরণ' শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন চামড়া ও চামড়াজাত শিল্পের প্রশিক্ষক তাসনিম এ. শাহিন। প্রশিক্ষণে ক্লাস্টারটিতে চামড়া ও চামড়াজাত বর্জ্য দিয়ে মানিব্যাগ, কার্ড হোল্ডার, চাবির রিং, বিভিন্ন সৌখিন সামগ্রী বানানো শেখানো হয়। ২৩ জানুয়ারি ২০২৫ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।

## 'তাঁত পণ্যের নকশা ও মানোন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ




১৯-২৩ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং টাঙ্গাইল জেলার বল্লা তাঁত ক্লাস্টারের সহযোগিতায় 'তাঁত পণ্যের নকশা ও মানোন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বল্লা তাঁত ক্লাস্টারে উৎপাদিত পণ্যের ডিজাইনে নতুনত্ব আনয়ন, নকশার লে-আউট তৈরি, কালার কম্বিনেশন, প্যাটার্ন তৈরি, সারফেস অর্নামেন্টেশন, কোয়ালিটি ফেব্রিক তৈরি, পণ্যের বৈচিত্রায়ন বিষয়ে ধারণা প্রদান করা হয় এবং তাঁতে অনুশীলন করানো হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মোহাম্মদ মনজুরুল হক সনদ বিতরণ করেন।

## ‘Cybersecurity Awareness and Need Analysis’ শীর্ষক কর্মশালা




০৪ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশন এবং JICA-এর যৌথ উদ্যোগে এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ‘Cybersecurity Awareness and Need Analysis’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় এসএমই উদ্যোক্তাদের সাইবার নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, ডিজিটাল ঝুঁকি মোকাবিলার কৌশল ও নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং জাইকা বিশেষজ্ঞ Shoji Akihiro। স্বাগত বক্তব্য প্রদান করেন ফারজানা খান, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ, আইটি পেশাজীবী, এসএমই উদ্যোক্তা ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সংলাপে অংশগ্রহণকারীরা তাদের মতামত ও অভিজ্ঞতা শেয়ার করেন, যেখানে সাইবার নিরাপত্তার চ্যালেঞ্জ চিহ্নিতকরণ এবং ভবিষ্যৎ প্রশিক্ষণ কার্যক্রমের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা হয়।

## ব্যবসা পরিচালনায় তথ্য ও প্রযুক্তি ব্যবহারে ToT কর্মশালা




১০-১১ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত ‘Enhancing ICT Resources for Digital Business’ ToT কর্মশালায় দেশের বিভিন্ন অঞ্চলের প্রশিক্ষকগণ অংশগ্রহণ করেন। কর্মশালার লক্ষ্য, ডিজিটাল ব্যবসার প্রসারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দক্ষতা বাড়ানো এবং প্রশিক্ষকদের মাধ্যমে সেই জ্ঞান আরও বিস্তৃতভাবে ছড়িয়ে দেওয়া। অংশগ্রহণকারীরা আধুনিক ডিজিটাল টুলস, ক্লাউড প্ল্যাটফর্ম, ই-কমার্স প্রযুক্তি, সাইবার নিরাপত্তা এবং ব্যবসা ব্যবস্থাপনায় আইসিটি ব্যবহারের কৌশল সম্পর্কে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণ করেন।

## ‘অনলাইন ব্যবসায় কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার ও সাইবার নিরাপত্তা’ শীর্ষক কর্মশালা

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২১-২২ জানুয়ারি ২০২৫ নীলফামারীর জলঢাকা উপজেলায় কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের AI প্রযুক্তির মাধ্যমে অনলাইন ব্যবসায় গ্রাহক সেবা, বিপণন, বিক্রয় পূর্বাভাস এবং পণ্য ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি এবং অনলাইন ব্যবসায় বিভিন্ন সাইবার ঝুঁকি যেমন তথ্য চুরি, হ্যাকিং বা স্ক্যাম থেকে রক্ষার জন্য সচেতনতা বৃদ্ধি ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে বিস্তারিত দিকনির্দেশনা প্রদান করা হয়।

## ‘Cybersecurity Awareness for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ

০৫-০৭ জানুয়ারি ২০২৫ ঢাকায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Cybersecurity Awareness for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদেরকে ডেটা চুরি, ফিশিং, ম্যালওয়্যার আক্রমণ থেকে নিজেদের সুরক্ষিত রাখা, নিরাপদ পাসওয়ার্ড ব্যবস্থাপনা, সন্দেহজনক লিংক শনাক্তকরণ এবং ব্যবসায়িক তথ্য নিরাপদ রাখার কৌশল শেখানো হয়।

## ‘Business Intelligence and Data Analysis’ বিষয়ে উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি কার্যক্রম



১২-১৬ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং Asian Productivity Organization, Japan-এর সহযোগিতায় ‘Strengthening SME’s Business Intelligence and Data Analysis’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের লক্ষ্য, অংশগ্রহণকারীদের Data Analysis এ দক্ষতা বৃদ্ধি, যা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ডিজিটাল দক্ষতা উন্নয়নে সহায়তা করা। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ডেটা বিশ্লেষণের মৌলিক ধারণা, বিজনেস ইন্টেলিজেন্স টুলসের ব্যবহার, ডেটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ, ক্রেতা ও বাজার বিশ্লেষণ, ব্যবসার উন্নয়নে ডেটা ব্যবহারের কৌশল বিষয়ে ধারনা প্রদান করা হয়। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন Korea University, Seoul, Republic of Korea এর অধ্যাপক Dr. Haeil Jung। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে APO Secretariat থেকে তানভীর ফয়সাল, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান উপস্থিত ছিলেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. নূরুজ্জামান এনডিসি, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)।

## ‘Enhancing Product Photography for Online Business’ শীর্ষক কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৯-৩০ জানুয়ারি ২০২৫ ঝিনাইদহ এবং ০৪-০৫ ফেব্রুয়ারি ২০২৫ ঠাকুরগাঁও জেলায় ‘Enhancing Product Photography for Online Business’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদেরকে স্মার্টফোন ও ক্যামেরার মাধ্যমে পণ্য ফটোগ্রাফির মৌলিক বিষয়, আলোর সঠিক ব্যবহার, ব্যাকগ্রাউন্ড নির্বাচন, উপযুক্ত কোণ নির্ধারণ এবং ঘরোয়া সেটআপে কম খরচে প্রফেশনাল মানের ছবি তোলার কৌশল শেখানো হয়। এছাড়াও ই-কমার্স ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহারের উপযোগী ছবি তৈরি এবং ছবির প্রাথমিক সম্পাদনার বিষয়েও ধারণা দেওয়া হয়। কর্মশালায় হাতে-কলমে অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তারা নিজেদের পণ্যের ছবি তুলে তাৎক্ষণিকভাবে মূল্যায়নের সুযোগ পান।

## উদ্যোক্তাদের সাইবার হামলা ও হ্যাকিং থেকে ব্যবসায়িক উদ্যোগ রক্ষায় প্রশিক্ষণ

২১-২২ জানুয়ারি ২০২৫ সাইবার নিরাপত্তা সম্পর্কিত সচেতনতা বাড়াতে এবং সাইবার হুমকি থেকে সুরক্ষা নিশ্চিত করতে নীলফামারীর জলঢাকা উপজেলায় উদ্যোক্তাদের ডিজিটাল সম্পদের সুরক্ষায় সাইবার হামলা ও হ্যাকিং থেকে ব্যবসায়িক উদ্যোগ রক্ষায় প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা তাদের ব্যবসার জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক পদক্ষেপ সম্পর্কে শিখতে এবং সাইবার আক্রমণ প্রতিরোধে কার্যকর কৌশল গ্রহণ করতে সক্ষম হবে।

## রাজশাহী জেলায় How to become a Freelancer প্রশিক্ষণ




০৭-০৯ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহী জেলায় ‘How to become a Freelancer’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ফ্রিল্যান্সিং-এর মাধ্যমে স্বাধীনভাবে কর্মজীবন গড়তে অংশগ্রহণকারীদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান উপস্থিত ছিলেন এবং প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হানিয়াম মারিয়া চৌধুরী, প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা, তাহুর, আনজুমান আরা লিপি, সভাপতি, ওয়েব, রাজশাহী।

## অক্সফাম বাংলাদেশের উদ্যোগে 'Private Sector Conclave 2025' অনুষ্ঠান




২১ জানুয়ারি ২০২৫ ঢাকার গুলশানে একটি হোটেলে অক্সফাম বাংলাদেশের উদ্যোগে 'Private Sector Conclave 2025' অনুষ্ঠান আয়োজন করা হয়। বেসরকারি উদ্যোগ, উন্নয়ন সংস্থা এবং নীতি নির্ধারকদের মধ্যে সহযোগিতার সম্পর্ক আরও সহজীকরণ এবং অংশীদারিত্ব জোরদারকরণের উদ্দেশ্যকে সামনে রেখে অনুষ্ঠানটি আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

## জাইকা উদ্যোক্তাদের সাইবার নিরাপত্তা বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে কাজ করবে



২২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ ও জাইকা (JICA-Japan International Cooperation Agency)-এর প্রতিনিধিবৃন্দের মধ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান, উপব্যবস্থাপক আশরাফুল আমিন ও উপব্যবস্থাপক মো. সাইফুর রহমান এবং জাইকা(JICA)-এর প্রধান উপদেষ্টা Shoji Akihiro, প্রকল্প Katsuki Naho ও প্রশাসনিক কর্মকর্তা Farzana Sharlin উপস্থিত ছিলেন।

## ILO-এর প্রতিনিধিদলের মতবিনিময় সভা



২৫ জানুয়ারি ২০২৫ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই ফাউন্ডেশনের এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার ও প্রশিক্ষণ অনুবিভাগের কর্মকর্তাদের সাথে International Labour Organization (ILO)-এর প্রতিনিধিদলের মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় ইনকিউবেশন সেন্টার ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রম উপস্থাপন করা হয়।

## 'মণিপুরী তাঁত পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ



০৪-১৩ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টারের সহযোগিতায় মৌলভীবাজারের শ্রীমঙ্গলে 'মণিপুরী তাঁত পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. ইসলাম উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল।

## ইউএনসিডিএফ-এর প্রতিনিধি দল ফাউন্ডেশনের চেয়ারপার্সনের সাথে সাক্ষাত



বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (এসএমই) জন্য গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF) থেকে অর্থায়ন সহজলভ্য করার লক্ষ্যে বিদ্যমান নীতিমালা পর্যালোচনা, বাধা শনাক্তকরণ এবং উন্নত দেশের সফল উদাহরণ থেকে ধারণা নেওয়ার জন্য একটি গবেষণা পরিচালনা করছে ইউনাইটেড নেশনস ক্যাপিটাল ডেভেলপমেন্ট ফান্ড (UNCDF)। এ লক্ষ্যে ইউএনসিডিএফ-এর একটি প্রতিনিধি দল ৩০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমানের সাথে সাক্ষাত করেন এবং ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস উইংয়ের কর্মকর্তাবৃন্দের সাথে সভায় মিলিত হন। সভায় এসএমই ফাউন্ডেশনের বর্তমান কার্যক্রম, তাদের প্রত্যাশা এবং জলবায়ু সম্পর্কিত বিভিন্ন উদ্যোগ নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি বাংলাদেশের এসএমইদের জন্য জিসিএফ অর্থায়ন সহজ করার চ্যালেঞ্জ ও সুযোগ বৃদ্ধির ক্ষেত্র আলোকপাত করা হয়। ইউএনসিডিএফ প্রতিনিধি দলে বাংলাদেশ কান্ট্রি লীড সাদাত মাঈনউদ্দিন, আন্তর্জাতিক পরামর্শক আন্দ্রেয়াস বিয়ারম্যান এবং জাতীয় গ্রিন ফাইনান্সিং এনালিস্ট নওশীন নাওয়াল উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।

## 'Consultation Meeting on RISE for SMEs to Export' আলোচনা সভা




১৯ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের 'Consultation Meeting on RISE for SMEs to Export' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, রোড টু এক্সপোর্ট বিষয়ে আলোচনা করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, রপ্তানিতে বিভিন্ন সেক্টরের সার্বিক পরিসংখ্যান ও সম্ভাব্যতা বিষয়ে ধারণা প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক ফাহিম বিন আসমাত। আলোচনা সভা সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন।

## নারী-উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশন এবং SIDA যৌথভাবে কাজ করবে



১১ ফেব্রুয়ারি ২০২৫ বাংলাদেশে নারী-উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশন এবং The Swedish International Development Cooperation Agency (SIDA) যৌথভাবে কাজ করার সম্ভাব্যতা পর্যালোচনা এবং SIDA'র আর্থিক সহায়তায় এসএমই ফাউন্ডেশন এবং International Trade Centre (ITC)-এর চলমান কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ ও মুহাম্মদ মাসুদুর রহমান এবং SIDA-এর প্রোগ্রাম স্পেশালিস্ট Annie Sturinge-এর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল সভায় অংশগ্রহণ করেন।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য

# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। জানুয়ারি-মার্চ ২০২৫-এ ফাউন্ডেশন আয়োজিত ৩৭টি প্রশিক্ষণে ১০৩৭জন (নারী: ৭২৫, পুরুষ: ৩১২) উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

## ‘Advance Beautification and Parlor Management’ শীর্ষক প্রশিক্ষণ



২৬ জানুয়ারি-১৭ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় সৌন্দর্য্য শিল্পখাতের উদ্যোক্তাদের জন্য ‘Advance Beautification and Parlor Management’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে স্কিন কেয়ার, পার্টি ও ব্রাইডাল মেকআপ, হেয়ার স্টাইল, পেডিকিউর, মেনিকিউর, হেয়ার কালারিং, হেয়ার ট্রিটমেন্ট, অ্যাডভান্স বিউটি ট্রিটমেন্ট এবং কৌশল, অ্যাডভান্স স্কিনকেয়ার কৌশল, নেইল কেয়ার অ্যান্ড আর্ট, মেকাপ এবং স্পেশাল ইফেক্ট, বডি ট্রিটমেন্ট, আইভ্রু এবং আইল্যাস ট্রিটমেন্ট পার্লার ব্যবস্থাপনা বিভিন্ন প্রকার ফেসিয়ালসহ সৌন্দর্য-সেবার বিভিন্ন বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করেন। এছাড়া পার্লার ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ব্র্যান্ডিং মূল্য নির্ধারণ, বিউটিফিকেশন ইন্ডাস্ট্রির হেলথ-হাইজিন, গ্রুমিং, কেস স্টাডি, আয়ুর্বেদ রূপচর্চা বিষয়ে সার্বিক ধারণা প্রদান করা হয়। ২৬-৩০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিয়র অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)-এর সহযোগিতায় কুমিল্লা জেলায় ‘বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘Leadership and Presentation Skill Development’ শীর্ষক প্রশিক্ষণ



১২-১৩ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের নেতৃত্বগুণ ও উপস্থাপন দক্ষতার বৃদ্ধির লক্ষ্যে ‘Leadership and Presentation Skill Development’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘ইনকিউবেটিদের দক্ষতা বৃদ্ধিতে মেন্টরশিপ’ শীর্ষক কর্মশালা

১৬ ফেব্রুয়ারি ২০২৫, ০৩ মার্চ ২০২৫ এবং ১৮ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘ইনকিউবেটিদের দক্ষতা বৃদ্ধিতে মেন্টরশিপ’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ওয়ান-টু-ওয়ান পরামর্শ সেশন, দলগত কর্মশালা এবং অগ্রগতি মূল্যায়নের মাধ্যমে সরাসরি ব্যবসায়িক সমস্যা সমাধানে ইনকিউবেটিদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

## ‘উদ্যোক্তা উন্নয়নে বিজনেস ইনকিউবেশন সেন্টারের ভূমিকা’ শীর্ষক কর্মশালা



০৮-০৯ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার এর ইনকিউবেটিদের জন্য ‘উদ্যোক্তা উন্নয়নে বিজনেস ইনকিউবেশন সেন্টারের ভূমিকা’ শীর্ষক কর্মশালা আয়োজন। কর্মশালায় উদ্যোক্তা উন্নয়নে ইনকিউবেশন সেন্টারের ভূমিকা, ফিনান্সিয়াল লিটারেসি, সফল উদ্যোক্তার সাথে মতবিনিময় ও উদ্যোক্তা উন্নয়নে দক্ষ নেতৃত্বের ভূমিকা নিয়ে সেশন অনুষ্ঠিত হয়।

## ‘Advance Digital Marketing for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ



১১-১২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় ভোলায় ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২০-২১ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মুন্সীগঞ্জে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৫-২৭ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটি (বিএফএস)-এর সহযোগিতায় ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Advance Digital Marketing for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী সনদ বিতরণ করেন। উপস্থিত ছিলেন উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দীন খান, সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ‘ক্রাফ্‌ট পণ্যের নকশা ও মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ

২৬-২৮ ফেব্রুয়ারি-২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোরের কেশবপুর হ্যান্ডিক্রাফ্‌ট ক্লাস্টারের সহযোগিতায় ‘ক্রাফ্‌ট পণ্যের নকশা ও মানোন্নয়ন’ প্রশিক্ষণ শীর্ষক আয়োজন করা হয়।

## ‘VAT & Tax Management for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ

২০-২২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের ভ্যাট ও ট্যাক্স ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে ‘VAT & Tax Management for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণে ইনকিউবেটি ছাড়াও কয়েকজন সম্ভাবনাময় উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## ‘পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ



২৬-৩০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও অপরাজিতা মহিলা উদ্যোক্তা উন্নয়ন সংস্থা-এর সহযোগিতায় ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী উপজেলায় ‘ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। ২২-২৬ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও বগুড়ার আদমদিঘী শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টারের সহযোগিতায় ‘পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘To get the way out of Trade license and BSTI Certificate’ শীর্ষক প্রশিক্ষণ



২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘To get the way out of Trade license and BSTI Certificate’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান ও সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## ‘ট্রেড লাইসেন্স প্রাপ্তিতে এসএমই উদ্যোক্তাদের করণীয়’ শীর্ষক কর্মশালা

২০ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ‘ট্রেড লাইসেন্স প্রাপ্তিতে এসএমই উদ্যোক্তাদের করণীয়’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ট্রেড লাইসেন্স প্রাপ্তি, নবায়ন ও সংশোধন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উদ্যোক্তাদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়।

## ‘Training of Trainers’ শীর্ষক প্রশিক্ষণ



১০-১৩ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Training o Trainers’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

## ‘ফ্যাশন ডিজাইন’ শীর্ষক প্রশিক্ষণ

০৫-০৯ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিওর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)-এর সহযোগিতায় নাটোরে ‘ফ্যাশন ডিজাইন’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কালার কম্বিনেশন, সারফেস অর্নামেন্টেশন, প্যাটার্ন কাটিংসহ ফ্যাশন ডিজাইনের বিবিধ বিষয় শেখানো হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে নাটোর সদর উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তা মো. উমিরুল ইসলাম এবং সমাপনী অনুষ্ঠানে স্থানীয় মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নীলা হাইফা উপস্থিত ছিলেন।

## ‘Smart Skills for Women Entrepreneurs in E-commerce Business’ শীর্ষক প্রশিক্ষণ

নারী-উদ্যোক্তাদের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে UNESCAP-এর অর্থায়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৬-২৭ ফেব্রুয়ারি ২০২৫ বরিশালে ‘Smart Skills for Women Entrepreneurs in E-commerce Business’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন Bangladesh Institute of ICT in Development-এর সিইও মো. শহীদ উদ্দীন আকবর ও তাসনুভ বিন মানজুর।

## ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ শীর্ষক প্রশিক্ষণ



০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চাঁদপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সহযোগিতায় ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘Bankable Project Proposal Preparation for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ



১৮-১৯ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Bankable Project Proposal Preparation for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ব্যাংক অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবনা প্রস্তুতকরণ বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. রাকিব উদ্দিন খান সনদ বিতরণ করেন এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলীসহ কর্মকর্তাগণ উপস্থিতি ছিলেন। ২৫-২৭ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Bankable Project Proposal Preparation’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘ফাস্ট ফুড প্রস্তুতকরণ’ শীর্ষক প্রশিক্ষণ



১২-১৬ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে দিনাজপুরে ‘ফাস্ট ফুড প্রস্তুতকরণ’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ক্রিসপি চিকেন ফ্রাই, চাওমিন, স্টক, স্যুপ, অন্থন, নাগেটস, পিৎজা, গার্লিক ব্রেড, গার্লিক সস, মেয়োনিজ, কোল্ড কফি, চিকেন বান, হট ডগ, বার্গার, ক্লাব স্যান্ডউইচসহ প্রায় ২০ প্রকারের আইটেম রেসিপিসহ তৈরি করা শেখানো হয়।

## ‘Export Readiness for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ

১৬-১৮ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Export Readiness for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে রপ্তানির প্রস্তুতি বিষয়ে উদ্যোক্তাদের বিস্তারিত ধারণা প্রদান করা হয়।

## ‘বেকিং ফর এসএমই’জ’ শীর্ষক প্রশিক্ষণ

১২-১৬ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘বেকিং ফর এসএমই’জ’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন। প্রশিক্ষণের বেকিং-এর উপরে প্রায় ৩৫টি আইটেম হাতে কলমে শেখানো হয়। প্রশিক্ষণে ফুড সেক্টরের সাথে প্রাথমিকভাবে সম্পৃক্ত এবং দক্ষতা বৃদ্ধিতে আগ্রহী উদ্যোক্তাদের প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হয়।

## ‘এসএমই উন্নয়নে গবেষণা ও উদ্ভাবনে সহায়তা প্রাপ্তি’ শীর্ষক কর্মশালা

৩০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য 'এসএমই উন্নয়নে গবেষণা ও উদ্ভাবনে সহায়তা প্রাপ্তি' কর্মশালা আয়োজন করা হয়।

## ‘Financial Management for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ



০৫-০৬ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে ‘Financial Management for SMEs’ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## উইমেন চেম্বার-অ্যাসোসিয়েশন, উন্নয়ন সহযোগী সংস্থা প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা



৩০ জানুয়ারী ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে বিভিন্ন উইমেন চেম্বার-অ্যাসোসিয়েশন, উন্নয়ন সহযোগী সংস্থা এবং নারী-উদ্যোক্তা প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন। সভায় ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, উন্নয়ন সহযোগী সংস্থা ওয়ার্ল্ড ব্যাংক-এর প্রাইভেট সেক্টর স্পেশালিস্ট হোসনা ফেরদৌস সুমি, ইউএনডিপি'র প্রতিনিধি শারমিন ইসলাম, দি এশিয়া ফাউন্ডেশনের প্রতিনিধি রত্না মারিয়া রোজারিও, উইমেন এন্ট্রাপ্রেনার অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট সেজান খান, বাংলাদেশ ফেডারেশন অব উইমেন এন্ট্রাপ্রেনারস-এর প্রেসিডেন্ট রুবিনা ফারুক, খাদিজা আফজালসহ উইমেন চেম্বার ও অ্যাসোসিয়েশনের প্রতিনিধিগণ, লেদার, ফ্যাশন ডিজাইন, হ্যান্ডিক্রাফট, আইটি, ডে কেয়ার, ইন্টেরিয়র ডিজাইনের নারী-উদ্যোক্তা প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## সিলেটে এসএমই নীতিমালা ২০২৫ (খসড়া) বিষয়ে নীতি সংলাপ



১৩ মার্চ ২০২৫ এসএমই ফাউন্ডেশন এবং আইএলও'র উদ্যোগে সিলেটে এসএমই নীতিমালা ২০২৫ (খসড়া) বিষয়ে নীতি সংলাপ আয়োজন করা হয়। জাতীয় এসএমই নীতিমালা ২০১৯-এর ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় জাতীয় এসএমই নীতিমালা ২০২৫ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) যৌথভাবে ১৩ মার্চ ২০২৫ বৃহস্পতিবার সিলেটে পলিসি ডায়লগ অনুষ্ঠান আয়োজন করে। অনুষ্ঠানে অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (নীতি) রমেন্দ্র নাথ বিশ্বাস, এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, আইএলও-এর ProGRESS প্রকল্পের চিফ টেকনিক্যাল অ্যাডভাইজর পেড্রো জুনিয়র বেলেন, কানাডা হাইকমিশনের সিনিয়র ডেভেলপমেন্ট অ্যাডভাইজর রিফুল জান্নাত।

## অমর একুশে বইমেলায় এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



০১-২৮ ফেব্রুয়ারি ২০২৫ বাংলা একাডেমির উদ্যোগে অমর একুশে বইমেলায় অংশগ্রহণ করে এসএমই ফাউন্ডেশন। বইমেলায় এসএমই ফাউন্ডেশনের স্টলে ক্রেতা-দর্শনার্থীদের কাছে এসএমই ফাউন্ডেশনের পরিচিতি ও কর্মকাণ্ড তুলে ধরার পাশাপাশি এসএমই খাতের উন্নয়নে ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও প্রচারিত বিভিন্ন ধরনের তথ্য, উপাত্ত, পরামর্শ ও দিক নির্দেশনামূলক গ্রন্থ/প্রকাশনা/নিউজলেটার/ব্রোশিওর বিতরণ ও বিক্রয় করা হবে। এসএমই ফাউন্ডেশন ২০১৬ সাল থেকে অমর একুশে বইমেলায় অংশগ্রহণ করে আসছে।

## ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি



১২ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ফ্লাওয়ার গ্রোয়ার্স সোসাইটি অব বাংলাদেশ ও বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটির সদস্য উদ্যোক্তাদের ঋণ প্রদানের উদ্দেশ্যে ফাইন্যান্সিয়াল লিটারেসি, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন। অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংকের এসএমই বিভাগের প্রধানসহ প্রতিনিধিবৃন্দ ফাইন্যান্সিয়াল লিটারেসি সেশন পরিচালনা করেন। বাংলাদেশ কৃষি ব্যাংকের পক্ষ থেকে উপমহাব্যবস্থাপক আশীষ কুমার দাস, সহকারী মহাব্যবস্থাপক মো. পারভেজ কাওসার সরকার এবং কর্মসংস্থান ব্যাংকের উপমহাব্যবস্থাপক মো. মশিউর রহমান উদ্যোক্তাদের এসএমই ঋণ সংক্রান্ত প্রশ্নোত্তর প্রদান পূর্বক সামগ্রিক বিষয়ে ধারণা প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এবং অতিথি ছিলেন আনোয়ার ফারুক, উপদেষ্টা, ফ্লাওয়ার গ্রোয়ার্স সোসাইটি অব বাংলাদেশ ও বাংলাদেশ ফ্লাওয়ার সোসাইটি। স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।

## Industrial Competitiveness Enhancement Project (ICEP) প্রকল্প বাস্তবায়ন বিষয়ে সভা



১১ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে Industrial Competitiveness Enhancement Project (ICEP) প্রকল্প বাস্তবায়ন বিষয়ে সভা আয়োজন করা হয়। Japan International Cooperation Agency (JICA)-এর অর্থায়নে পরিচালিত 'Industrial Competitiveness Enhancement Project' প্রকল্প বাস্তবায়ন বিষয়ে সভায় প্রকল্পের কমপোনেন্ট ৩: কাইজেন প্রশিক্ষক তৈরির লক্ষ্যে Training of Trainers (ToT) ডিজাইন ও পরিচালনা এবং কমপোনেন্ট ৩: বিজনেস ম্যাচিং বিষয়ে আলোচনা হয় করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপব্যবস্থাপনা পরিচালক মো. নাজিম হাসান সাত্তার, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার সভায় অংশগ্রহণ করেন। এছাড়া ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর পরিচালক (গবেষণা) মুহাম্মদ আরিফুজ্জামান এবং উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মো. রাজু আহম্মেদ সভায় উপস্থিত ছিলেন। JICA পরামর্শক টিমের পক্ষে Keisuke Sugiyama এর নেতৃত্বে Yuta Noguchi, Taichi Soga ও Yoshihiro Kanetsuna সভায় অংশগ্রহণ করেন।

## শ্রীলংকায় 'Branding and Digital Marketing' কর্মসূচিতে ফাউন্ডেশনের অংশগ্রহণ




ব্র্যান্ডিং এবং ডিজিটাল টুলস ব্যবহারের মাধ্যমে নারী-উদ্যোগকে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় শক্তিশালী করার লক্ষ্যে ১০-১১ ফেব্রুয়ারি ২০২৫ ITC SheTrades Hub-এর উদ্যোগে এবং Export Development Board (EDB), Sri Lanka-এর সহযোগিতায় শ্রীলংকার রাজধানী কলম্বোতে 'Training of Trainers (ToT) on Branding and Digital Marketing' কর্মসূচিতে অংশগ্রহণ করেন বাংলাদেশের এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক আশরাফুল আমিন, সালমা সুলতানা, সানজিদা সুলতানা, অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক ইমরাত-ই-জান্নাত ইমু এবং শ্রীলঙ্কার EDB-এর ৯জন কর্মকর্তা।

## ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় এসএমই ফাউন্ডেশনের সহায়তায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়





নারায়ণগঞ্জের পূর্বাচলের বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিসিএফসি)-এ রপ্তানি উন্নয়ন ব্যুরো'র উদ্যোগে ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (DITF)-এ এসএমই ফাউন্ডেশনের প্যাভিলিয়নে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয় কর্মসূচি আয়োজন করা হয়। ০১ জানুয়ারি ২০২৫ মেলা উদ্বোধন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। উদ্বোধনী অনুষ্ঠানের পর মেলায় এসএমই ফাউন্ডেশনের প্যাভিলিয়ন পরিদর্শন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেছে বিশ্বের ৭টি দেশের ১১টি প্রতিষ্ঠানসহ ৩৬২টি স্টল ও প্যাভিলিয়ন। মাসব্যাপী মেলা সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত আর সাপ্তাহিক ছুটির দিনগুলোতে চলে রাত ১০টা পর্যন্ত। ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় এসএমই ফাউন্ডেশনের স্টলে ১১জন উদ্যোক্তা তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পান। মেলার সমাপনী অনুষ্ঠানে সংরক্ষিত স্টল ক্যাটাগরিতে এসএমই ফাউন্ডেশনের পুরস্কার গ্রহণ করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী।

## ফাউন্ডেশনের নতুন চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান



এসএমই ফাউন্ডেশনের নতুন চেয়ারপার্সন মো. মুসফিকুর রহমান, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে যোগ দিয়েছেন মো. মুসফিকুর রহমান। ১৯ জানুয়ারি ২০২৫, রবিবার তিনি এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে যোগদান করেন। মো. মুসফিকুর রহমান ১৯৯২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক এবং ১৯৯৫ সালে ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউট থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন। প্রায় তিন দশকের ব্যাংকিং খাতের চাকরি জীবনে তিনি যুক্তরাষ্ট্রে সিটিজেন, সিটি ব্যাংক ও এইচএসবিসি এবং বাংলাদেশে এইচএসবিসি, স্ট্যান্ডার্ড চার্টার্ড, শাহজালাল ইসলামী এবং ব্যাংক আল ফালাহ-এ দায়িত্ব পালন করেন। মো. মুসফিকুর রহমানকে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন হিসেবে নিয়োগ দিয়ে ২২ ডিসেম্বর ২০২৪ প্রজ্ঞাপন জারি করে শিল্প মন্ত্রণালয়।

## বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদকরণে এসএমই ফাউন্ডেশনের নীতি সংলাপ আয়োজন



০৬ জানুয়ারি ২০২৫ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদকরণে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নীতি সংলাপ আয়োজন করা হয়। সংলাপে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ বাড়াতে ট্রেড লাইসেন্সের শর্ত শিথিল, অস্থাবর সম্পত্তিকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা, জামানতবিহীন ঋণকে উৎসাহ দেয়াসহ বেশ কিছু পরামর্শ দিয়েছেন ব্যাংকার ও উদ্যোক্তাগণ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর নূরুন নাহার। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের পরিচালক নওশাদ মোস্তাফা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান এবং পলিসি ডায়লগের প্রেক্ষাপটের ওপর উপস্থাপনা প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

## বগুড়া, বরিশাল ও রংপুরে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৫ আয়োজন







০৪-১০ জানুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় রাজশাহী বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৫ আয়োজন করা হয়। ০৪ জানুয়ারি ২০২৫ বগুড়ার আলতাফুন্নেছা খেলার মাঠে বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করেন জেলা প্রশাসক হোসনা আফরোজা। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মেজবাউল করিম'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মো. জেদান আল মুসা, এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার, বিসিক বগুড়ার উপমহাব্যবস্থাপক একেএম মাহফুজুর রহমান। উপস্থিত ছিলেন যুব উন্নয়ন বগুড়ার উপপরিচালক মো. তোছাদ্দক হোসেন, বগুড়া পৌরসভার নির্বাহী কর্মকর্তা মো. শাহজাহান আলম। মেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রির জন্য ৬৫টি স্টল ছিল।

০৭-১৩ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় বরিশাল বিভাগীয় এসএমই পণ্যমেলা ২০২৫ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার খন্দকার আনোয়ার হোসেন। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লুসিকান্ত হাজং। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন বরিশাল চেম্বার অব কমার্সের সভাপতি এবায়েদুল হক চাঁন, চেম্বারের পরিচালক জিএম আতায়ে রাব্বি, বীর মুক্তিযোদ্ধা প্রবীন সাংবাদিক নুরুল আলম ফরিদ, অতিরিক্ত পুলিশ সুপার আলাউল হাসান, বরিশাল উইমেন্স চেম্বার অব কমার্সের সভাপতি বিলকিস আহমেদ লিলি।

২৩-২৮ ফেব্রুয়ারি ২০২৫ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহায়তায় রংপুর বিভাগীয় এসএমই পণ্যমেলা ২০২৫ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মো. শহিদুল ইসলাম ইসলাম এনডিসি, বিভাগীয় কমিশনার, রংপুর। সভাপতিত্ব করেন মোহাম্মদ রবিউল ফয়সাল, জেলা প্রশাসক, রংপুর। বিশেষ অতিথি ছিলেন আবু সালেহ মো. আশরাফুল আলম, অ্যাডিশনাল ডিআইজি, রংপুর মেট্রোপলিটন পুলিশ এবং মো. জয়নাল আবেদীন, অতিরিক্ত পুলিশ সুপার, রংপুর। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মোসা. নাজমা খাতুন সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

সম্পাদক: আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, সম্পাদনা পরিষদ: মো. নাজিম হাসান সাত্তার, উপব্যবস্থাপনা পরিচালক; ফারজানা খান, উপব্যবস্থাপনা পরিচালক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, উপমহাব্যবস্থাপক,
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, ব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd

Scan to download PDF